গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যলয়
সদরপুর, ফরিদপুর।
www.dss.sadarpur.faridpur.gov.bd

## ফ্যামিলি কার্ড তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি সদরপুর'র সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : শরীফ শাওন<br>উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর। |
| স্থান | : উপজেলা পরিষদ সভা কক্ষ |
| সময় | : বেলা ০৩.০০ ঘটিকা |
| সভা অনুষ্ঠানের তারিখ | : ০২/০৮/২০২৬ খ্রি. |
| উপস্থিতি | : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। [কমিটির সদস্যবৃন্দ] |

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয় । আলোচনা শুরু করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর ও সদস্য-সচিবকে অনুরোধ জানানো হয়। অতঃপর সদস্য সচিব আলোচ্য সূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

**০২. ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার (Household Database) তথ্য সংগ্রহে শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার (Enumerator) নিয়োজিতকরনে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী স্বেচ্ছাসেবীদের মূল্যায়ন ও ফলাফল প্রকাশ:**

সভায় অত্র উপজেলায় তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার পদের আবেদনকারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা বা জিপিএ, ব্যবহারিক দক্ষতা যাচাই এবং আচরণ ও মৌখিক সাক্ষাৎকারের মাধ্যমে মূল্যায়নের পর চূড়ান্ত মনোয়নের বিষয়ে আলোচনা হওয়া আবশ্যক। অতঃপর সভার আলোচ্য সূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়;

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | সদস্য সচিব সভায় জানান যে, অত্র উপজেলায় তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার পদের আবেদনকারী প্রার্থীদের প্রার্থীদের দক্ষতা যাচাই এবং আচরণ ও মৌখিক সাক্ষাৎকারে মাধ্যমে মূল্যায়নের পর **ফ্যামিলি কার্ড খানা-তথ্য সংগ্রহ উপজেলা কমিটি সদরপুরের** সভা আহবান করা হয়। সভায় স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটির বাছাইকৃত তালিকা অনুমোদন করা হয়েছে। উক্ত অনুমোদিত তালিকায় তথ্য সংগ্রহকারী হিসেবে ৭৬ জন এবং সংরক্ষণ হিসেবে ৮ জন রিজার্ভ রাখা হয়েছে; এছাড়া সুপারভাইজার পদের ০৮ জন এবং ০১ জনকে সংরক্ষণ হিসেবে রিজার্ভ রাখা হয়েছে। উক্ত অনুমোদিত তালিকা উপজেলা সমাজসেবা অফিসে আবেদন দাখিলের জন্য রেজিষ্ট্রারে অন্তর্ভূক্ত নম্বর/ রোল অনুসারে তালিকা চূড়ান্ত তালিকা প্রকাশের বিষয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে উপজেলা সমাজসেবা অফিসের রেজিষ্ট্রারে আবেদন জমা দেওয়ার সময় প্রত্যেক প্রার্থীদের একটি রিসিভড নম্বর দেওয়ার সময় স্বাক্ষর গ্রহণ করা হয়; উক্ত রেজিষ্ট্রারের অন্তর্ভূক্তি নম্বর অনুসারে যেহেতু প্রার্থীদের ব্যবহারিক দক্ষতা যাচাই করা হয়েছে সেহেতু উক্ত ক্রমানুসারে মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়। | ০১। উপজেলা সমাজসেবা অফিসের রেজিষ্ট্রারে আবেদন দাখিলের সময় প্রত্যেক প্রার্থীদের যে টোকেন নম্বর দেওয়া হয় এবং রিসিভড স্বাক্ষর গ্রহণ করা হয়, উক্ত রেজিষ্ট্রারের অন্তর্ভূক্তি নম্বর/ রোল অনুসারে যেহেতু প্রার্থীদের ব্যবহারিক দক্ষতা যাচাই করা হয়েছে সেহেতু উক্ত ক্রমানুসারে মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। [পরিশিষ্ট-খ] | ০১। উপজেলা নির্বাহী অফিসার সদরপুর ফরিদপুর। |
| ০২ | সদস্য সচিব সভায় জানান যে, অত্র উপজেলায় ৫৪১৬৮ খানার বিপরীতে ৭৬ জন তথ্য সংগ্রহকারী এবং ০৮ জন সুপারভাইজার মূল দায়িত্বে নিয়োজিতকরণের জন্য জনবল বিভাজন পাওয়া যায়। এছাড়া ০৮ জন তথ্য সংগ্রহকারী এবং ০১ জন সুপারভাইজারকে সংরক্ষণে রেখে জরিপকার্য পরিচালনার ক্ষেত্রে অতিদুর্গম ইউনিয়ন বিশেষকরে চর, নদী ভাঙ্গান কবলিত জনপদে এই বর্ষা মৌসুমে সঠিকভাবে বাড়িতে বাড়িতে গিয়ে তথ্য সংগ্রহ বেশ চ্যালেঞ্জিং হবে তথাপি স্থল জনপদ এবং নদী অঞ্চলের যোগাযোগ ব্যবস্থাও একই ধরণের নয়। ফলে খানার সংখ্যার ভিত্তিতে **(Enumerator) সংখ্যা** বিভাজন, এ অঞ্চলের ভৌগলিক পরিস্থিতি ও বাস্তবতার নিরিখে উপজেলা কমিটি তথ্য সংগ্রহকারী পদে ০৮ | ০২। অতিরিক্ত চাহিদা প্রস্তাবের বিপরীতে কর্তৃপক্ষ বর্ধিত সংখ্যায় গণণাকারী অনুমোদন করলে অপেক্ষমাণ তালিকা হতে অতিরিক্ত গণণাকারী নিয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ০২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা সদরপুর, ফরিদপুর। |

| | | | |
|---|---|---|---|
| | জন ও সুপারভাইজার পদে ০২ জনের অতিরিক্ত চাহিদা প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করেন; সেভাবে ইতোমধ্যে চাহিদা প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তবে যেহেতু অপেক্ষমাণ গণণাকারীর পৃথক তালিকা প্রকাশ করা হবে, চাহিদা প্রস্তাব মোতাবেক অতিরিক্ত বরাদ্দ পাওয়া সাপেক্ষে অপেক্ষমাণ তালিকা হতে বর্ধিত সংখ্যার গণণাকারী বিধি মোতাবেক নিয়োজন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | | |
| ০৩ | সভায় অত্র উপজেলায় তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার হিসেবে প্রাথমিকভাবে মনোনীত ৯৩ জন Enumerator বা গণণাকারীদের মনোনয়নের শর্তাবলী নির্ধারণে নিম্নবর্ণিত বিষয়াদি নির্ধারণে সভায় আলোচনা হয়।<br>০১. এ মনোনয়ন সম্পূর্ণভাবে অস্থায়ী; কেবলমাত্র ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার (Household Database) তথ্য সংগ্রহ জরিপকালীন সময়ে মাঠপর্যায়ে গ্রামে/বাড়িতে বাড়িতে তথ্য সংগ্রহকালীন বহাল থাকবে;<br>০২. প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের কার্যক্রম সম্পর্কিত সকল বিষয় "ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার (Household Database) তথ্য সংগ্রহ নির্দেশিকা, ২০২৬" অনুসারে নিয়ন্ত্রিত হবে;<br>০৩. জরিপে সংগৃহীত পরিবারের তথ্যের গোপনীয়তা রক্ষা করা বাধ্যতামূলক; নির্দেশিকায় বর্ণিত শর্তাদি প্রতিপালনে ব্যত্যয় হলে এবং আবেদনের সময় দাখিলকৃত কোন সনদ, জাতীয় পরিচয়পত্র, বয়স, ফৌজদারি মামলা সংক্রান্ত তথ্যাদি, অসত্য বা ভুয়া প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে মনোনয়ন বাতিল, সম্মানী বাজেয়াপ্ত হবে এবং প্রযোজ্যক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;<br>০৪. জরিপ সমাপ্তান্তে সরকারি সকল ডিভাইস, গ্যাজেট ও আনুষাঙ্গিক উপকরণ বাধ্যতামূলকভাবে ফেরত প্রদান করতে হবে; ডিভাইস নষ্ট, হারালে বা চুরির ক্ষেত্রে সংশ্লিষ্ট **(Enumerator)** এর নিকট হতে ক্ষতিপূরণ আদায় করা হবে;<br>০৫. জরিপকার্যে নিয়োজিত হয়ে সংগৃহীত খানার তথ্যের সংখ্যার ভিত্তিতে (কর্তৃপক্ষ যদি সম্মানীর বরাদ্দ রাখে তবে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন সাপেক্ষে) সম্মানী প্রদান করা হবে; রিজার্ভ বা সংরক্ষিত গণণাকারীর ক্ষেত্রে নির্দেশিকায় উল্লিখিত বিধি-বিধান প্রযোজ্য হবে; জরিপ সমাপ্ত না হওয়া পর্যন্ত বা বরাদ্দ পাওয়া না গেলে সম্মানী দাবী করা যাবেনা;<br>০৬. তথ্য সংগ্রহের জন্য দৈনিক ০৮ (আট) ঘন্টা হারে দুর্গম, চর-এলাকায় গমণ ও সঠিক তথ্য সংগ্রহের জন্যই কেবল মনোনয়ন বহাল থাকবে, নিজের ডিভাইস অন্যের নিকট হস্তান্তর সম্পূর্ণভাবে নিষিদ্ধ; কোন পর্যায়ে বিধি বহির্ভূত কোন কার্যক্রম পরিচালনা করা হলে সকল প্রকার মনোনয়ন বাতিল ও সংরক্ষিত তালিকা হতে প্রতিস্থাপন করা হবে;<br>০৭. নিয়োজিত সকল **(Enumerator)** কে তথ্য সংগ্রহকারী বা সুপারভাইজার উভয় পদে উপজেলা কমিটি কর্তৃক মনোনীত ইউনিয়নে (চর উইনিয়ন সহ) যে কোন ইউনিয়নেই দায়িত্ব পালন করতে হতে পারে; দায়িত্ব বিভাজন সংশ্লিষ্ট ক্ষেত্রে কোন চয়েজ দেওয়া যাবে না; চর এলাকায় দায়িত্ব পালনে | ০৩। উল্লিখিত শর্ত সাপেক্ষে প্রাথমিকভাবে মনোনীত **৯৩ (তিরানব্বই)** জন প্রার্থীকে জরিপে অস্থায়ীভাবে নিয়োজিতকরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। [পরিশিষ্ট-খ] | ০৩। সংশ্লিষ্ট উপজেলা কমিটি, সদরপুর ফরিদপুর। |

| | | | |
|---|---|---|---|
| | অপারগ হলে তৎক্ষণাৎ মনোনয়ন বাতিল ও সংরক্ষিত তালিকা হতে মনোনয়ন প্রদান করা হবে;<br>০৮. মনোনীত প্রার্থীদের (মূল ও সংরক্ষিত) সকলকে আবশ্যিকভাবে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে; প্রশিক্ষণে অংশগ্রহণ না করলে মনোনয়ন বাতিল বলে গণ্য হবে;<br>০৯. জরিপকালে কোন খানাপ্রধান বা পরিবারকে ফ্যামিলিকার্ডের প্রতিশ্রুতি দেওয়া, ভয়-ভীতি প্রদর্শণ, মিথ্যা বা অসত্য তথ্য ইনপুট, আর্থিক বা অনৈতিক সুবিধাদাবী কঠোরভাবে নিষিদ্ধ; এ ধরণের কোন অভিযোগ পাওয়া মাত্রই মনোনয়ন বাতিলসহ কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে;<br>১০. কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক অপেক্ষমাণ গণণাকারী তালিকা পৃথক আদেশে প্রকাশিত হলো; অপেক্ষমাণ তালিকা হতে চূড়ান্ত তালিকায় স্থানান্তরের বিষয়ে বিধিমোতাবেক নিয়োজিত করা হবে; অপেক্ষমাণ তালিকা মানেই নিযুক্তকরণের নিশ্চয়তা নয়;<br>১১. কর্তৃপক্ষ যে কোন ব্যাখ্যা ছাড়াই যে কোন সময়ে, যে কোন মনোনয়ন বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং মাঠ পর্যায়ে নিয়োজন সংক্রান্ত বিষয়ে 'ফ্যামিলি কার্ড খানা-তথ্য সংগ্রহ উপজেলা কমিটি'র সিদ্ধান্তই চূড়ান্ত; | | |
| ০৩ | সভায় অত্র উপজেলায় তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার হিসেবে প্রাথমিকভাবে মনোনীত ৯৩ জন Enumerator বা গণণাকারীদের মনোনয়নের পাশাপাশি মোট সংখ্যার ৬০ শতাংশ বা অতিরিক্ত ৫৫ জনকে অপেক্ষমাণ রাখা যেতে পারে। সে ক্ষেত্রে ৮৪ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ৫০ জন আবেদনকারীকে তথ্য সংগ্রহকারী পদে অপেক্ষমাণ এবং ৯ জন সুপারভাইজারের বিপরীতে ৫ জন আবেদনকারীকে সুপারভাইজার পদে অপেক্ষমাণ তালিকায় রাখা যেতে পারে। অপেক্ষমাণ তালিকা হতে মূল তালিকায় স্থানান্তরের বিষয়ে নিম্নরূপ শর্তাদি আরোপের বিষয়ে সভায় আলোচনা হয়;<br>১. অপেক্ষমাণ তালিকায় থাকা মানেই মূল দায়িত্বে নিয়োজনের নিশ্চয়তা নয়; এটি কেবলমাত্র আপদকালীন বা বিশেষ জরুরী পরিস্থিতিতে ত্বরিৎ জনবল পদায়নের লক্ষ্যে প্রস্তুতকৃত সংরক্ষিত তালিকা মাত্র;<br>২. অপেক্ষমাণ তালিকা হতে জনবল মাঠে নিয়োজনের প্রয়োজন হলে প্রস্তুতকৃত মেধাক্রমানুসারে অগ্রাধিকার ভিত্তিতে মাঠে নিযুক্ত করা হবে;<br>৩. অপেক্ষমাণ তালিকা হতে সরাসরি নিয়োজনের সুযোগ নেই তবে প্রযোজ্যক্ষেত্রে প্রশিক্ষণ সম্পন্ন সাপেক্ষে মূল জরিপে নিযুক্ত করা হতে পারে;<br>৪. অপেক্ষমাণ হতে প্রশিক্ষণ গ্রহণ ও নিয়োজন সাপেক্ষে খানা তথ্য সংগ্রহ কার্যক্রমে অংশগ্রহণ না করলে কোন সম্মানী /সুবিধাদি দাবী করা যাবেনা;<br>৫. মূল তালিকায় মনোনীত কোন প্রার্থী শারিরীক অসুস্থতা, ব্যক্তিগত বা পারিবারিক কোন কারণে মাঠ পর্যায়ে খানার তথ্য সংগ্রহে অপারগ হলেই কেবল রিজার্ভ বা সংরক্ষিত প্রার্থীদেরকে তদস্থলে প্রতিস্থাপন করা হবে। প্রাথমিকভাবে মনোনীত প্রার্থীদের স্থলে সংরক্ষিত তালিকার প্রার্থীদের পদায়ন করা হবে; মূল প্রার্থী ও সংরক্ষিত উভয় | ০৩। অত্র উপজেলায় তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার হিসেবে প্রাথমিকভাবে মনোনীত ৯৩ জন Enumerator বা গণণাকারীদের মনোনয়নের পাশাপাশি মোট সংখ্যার ৬০ শতাংশ বা অতিরিক্ত ৫৫ জনকে অপেক্ষমাণ রেখে তালিকা প্রস্তুতের বিষয়ে সিদ্ধান্ত হয়। সে ক্ষেত্রে ৮৪ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ৫০ জনকে তথ্য সংগ্রহকারী পদে অপেক্ষমাণ এবং ৯ জন সুপারভাইজারের বিপরীতে ৫ জন আবেদনকারীকে সুপারভাইজার পদে অপেক্ষমাণ তালিকায় রেখে ফল প্রকাশের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। [পরিশিষ্ট-গ] | **০৩। ফ্যামিলি কার্ড খানা-তথ্য সংগ্রহ উপজেলা কমিটি সদরপুর, ফরিদপুর।** |

| | | | |
|---|---|---|---|
| | ধরণের প্রার্থীদের চূড়ান্ত পদায়ন সম্পন্ন হওয়ার পরে অতিরিক্ত কোন গণণাকারী পদায়নের প্রয়োজন হলে তখনই কেবল অপেক্ষমাণ তালিকা হতে মেধাক্রমানুসারে প্রশিক্ষণ শেষে খানা তথ্য সংগ্রহের জন্য মাঠ পর্যায়ে নিযুক্ত করা যেতে পারে।<br>৬. মাঠ পর্যায়ে নিয়োজন ও খানা তথ্য সংগ্রহ সংক্রান্ত বিষয়াদি "ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার (Household Database) তথ্য সংগ্রহ নির্দেশিকা, ২০২৬" অনুসারে নিয়ন্ত্রিত হবে;<br>৭. অপেক্ষমাণ তালিকা হতে মাঠে পদায়নের সকল বিষয়ে সংশ্লিষ্ট কমিটি যাবতীয় সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন; | | |
| ০৪ | অত্র উপজেলায় ফ্যামিলি কার্ড খানা তথ্য সংগ্রহের জন্য আবেদন আহ্বানের বিজ্ঞপ্তিতে আবেদনের বিষয়ে 'সরকারী/ আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত' প্রার্থীদের অযোগ্যতা হিসেবে বিবেচনার কথা উল্লেখ ছিলো। আবেদনকারী প্রার্থী বাছাইয়ে দেখা যায় কোনো কোনো পদে গ্রাম পুলিশ, এমপিওভূক্ত শিক্ষক, সাংবাদিক বা বিভিন্ন পেশা বা বৃত্তির সাথে সম্পৃক্ত ব্যক্তিগণ আবেদন করেন এবং ব্যবহারিক দক্ষতা যাচাই, মৌখিক প্রশ্নোত্তর পর্বে অংশগ্রহণ করেন। ফ্যামিলি কার্ড খানা জরিপ যেহেতু মাঠ পর্যায়ে দীর্ঘ ০৬ সপ্তাহ ব্যাপী অনুষ্ঠিত হবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্নের বাধ্যবাধকতা আছে সেহেতু অন্যান্য পেশা বা বৃত্তির সাথে সম্পৃক্ত প্রার্থীদের এ খানা জরিপে নিযুক্ত করণের বিষয়ে যোগ্যতা-অযোগ্যতা সংক্রান্ত বিধিবিধান অনুসরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ০৪। সভায় সার্বক্ষণিক বা নিবিড়ভাবে দৈনিক ০৮ (আট) ঘন্টা সময় দিতে পারবে এমন প্রার্থীদের অগ্রাধিকার দিতে বিভিন্ন পেশা বা বৃত্তির সাথে সম্পৃক্ত প্রার্থীদের বাদ দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয় এবং প্রাথমিকভাবে নিয়োজিত কোন প্রার্থীর বর্তমান কর্মসম্পর্কে তথ্য গোপন বা অসত্য তথ্য উপস্থাপনের মাধ্যমে নিয়োজন হলে তথ্য প্রাপ্তি মাত্রই তাঁর নিয়োজন বাতিল ও সুবিধাদি বাজেয়াপ্তের সিদ্ধান্ত গৃহিত হয়। | ০৪। সংশ্লিষ্ট উপজেলা কমিটি, সদরপুর ফরিদপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করা হয়।

২।৮।২৬

**(শরীফ শাওন)**
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, সদরপুর

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা সমাজসেবা কার্যালয়**
**সদরপুর, ফরিদপুর**
**www.dss.sadarpur.faridpur.gov.bd**

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.০০৫.০৬.০০০২.২৬- ৩৫৬

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ০২ আগষ্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২১৪, ফরিদপুর-০৪, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, ফরিদপুর।
০৩। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ূন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
০৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
০৫। উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
০৬। অফিস কপি।

02/08/2026

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, সদরপুর